

তিন দাবিতে জবি শিক্ষার্থীদের গণ অনশন শুরু

জবি সংবাদদাতা

প্রকাশিত: ১১:৪৭, ১২ জানুয়ারি ২০২৫



দ্বিতীয় ক্যাম্পাসের কাজ সেনাবাহিনীকে হস্তান্তর ও অস্থায়ী আবাসনের দাবিতে গণ অনশন শুরু করছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারের সামনে সকাল ৯ টা থেকে অনশনে বসেছেন ১৩ শিক্ষার্থী। দাবি আদায় না হওয়া পর্যন্ত অনশন চালিয়ে যাবেন বলে জানান অনশনকারীরা।

UNIBOTS

দাবিগুলো হলো- ১. ২য় ক্যাম্পাস সেনাবাহিনীকে হস্তান্তর করা। ২. শিক্ষার্থীদের অস্থায়ী আবাসনের ব্যবস্থা করা। ৩. অস্থায়ী আবাসনের ব্যবস্থা না হওয়া পর্যন্ত অন্তত ৭০ ভাগ শিক্ষার্থীকে আবাসন ভাতা দিতে হবে।

অনশনরত ম্যানেজমেন্ট ১৬ ব্যাচের শিক্ষার্থী ফেরদৌস শেখ বলেন, ৩টি দাবিতে আমরা এখানে বসেছি। দাবি সম্পূর্ণরূপে না মানা পর্যন্ত অনশন চলমান থাকবে। দীর্ঘদিন ধরে আমরা প্রসাসনের কাছে শুধু আশ্বাস পেয়েছি, তবে কোনো দৃশ্যমান পদক্ষেপ দেখিনি। এর প্রেক্ষিতে আমরা দাবিগুলো বাস্তবায়নের লক্ষ্যে অনশনে বসেছি।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১৪ ব্যাচের শিক্ষার্থী রাশিদুল ইসলাম জানান, ১৩ জন প্রাথমিক ভাবে অনশনে বসেছি, অনশনকারীর সংখ্যা ক্রমেই আরো বাড়বে। আমাদের দাবির প্রেক্ষিতে সন্তুষ্টজনক সমাধান না হওয়া পর্যন্ত অনশন চলবে।

প্রসঙ্গত, গত বছরের নভেম্বরে দ্বিতীয় ক্যাম্পাসের কাজ সেনাবাহিনীর নিকট হস্তান্তরসহ তিন দাবিতে আন্দোলন করেন শিক্ষার্থীরা। শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে তখন বলা হয়, জবির দ্বিতীয় ক্যাম্পাসের কাজ সেনাবাহিনীর নিকট হস্তান্তরে বাধা নেই। এ বিষয়ে সহযোগিতা করবে মন্ত্রণালয়। তবে দুই মাস পেরোলেও দৃশ্যমান অগ্রগতি দেখা যায়নি বলে অভিযোগ শিক্ষার্থীদের। বিশ্ববিদ্যালয় প্রশাসন সেনাবাহিনীকে প্রকল্পের কাজ হস্তান্তর করতে ইউজিসিকে চিঠি দিয়েছে। তবে ইউজিসি বলছে, এটা তাদের কাজ নয়।